



আপডেট

১১-১২-২০১৮, ১২:১৭

## ব্র্যাক বিশ্ববিদ্যালয় ও বিকেএমইএ'র মধ্যে সমঝোতা স্মারক সই

দেশের প্রথম ফ্যাঙ্কটরি ম্যাপিং প্রকল্পের সমঝোতা স্মারক সই করেছে পোশাক খাতের ব্যবসায়ীদের সংগঠন বিকেএমইএ ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়। এই প্রকল্প বাস্তবায়নের ফলে ডিজিটাল পদ্ধতিতে বিকেএমইএ'র সদস্যভুক্ত সব ফ্যাঙ্কটরির অবস্থান জানা যাবে।

সোমবার রাজধানীর বাংলামোটরে বিকেএমইএ কার্যালয়ে এই স্মারক সই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এসময় সংগঠনটির প্রথম সহ-সভাপতি মনসুর আহমেদ বলেন, শক্তিশালী রপ্তানির আয়ের ভিত্তি গঠনে নতুন এই প্রকল্প অনেক বড় ভূমিকা রাখবে। যার মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতাও নিশ্চিত হবে।

অনুষ্ঠানে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রহিম বিন তালুকদার বলেন, এর মাধ্যমে বিশ্ববাজারে বাংলাদেশের পোশাক খাত সম্পর্কে আরও ইতিবাচক মনোভাব সৃষ্টি হবে। আগামী বছরের জানুয়ারিতে এই ম্যাপিংয়ের ব্যবহার শুরু হবে বলেও জানান তিনি।

